**BENGALI (CODE NO. – 005)**
**SAMPLE QUESTION PAPER**
**CLASS – X (2025 – 2026)**

**General Instructions:**

The question paper contains **12** printed pages.

1. The question paper contains **16** questions.
2. The Question Paper is divided into **two** Parts

**PART – A**: Objective type paper (MCQ): **25** Marks

**PART – B**: Descriptive paper: **55** Marks

**PART – A** has three sections: (MCQ)

| | | |
|---|---|---|
| **Section – A:** | **Reading (Unseen Comprehension):** | **12 Marks** |
| **Section – B:** | **Grammar:** | **03 Marks** |
| **Section – C:** | **Main Course Book & Supplementary:** | **13 Marks** |

**Reader/ Non-detailed Text**

**PART- B** has **three sections**: (Subjective)

| | | |
|---|---|---|
| **Section – B:** | **Grammar:** | **10 Marks** |
| **Section – C:** | **Main Course Book & Supplementary:** | **33 Marks** |

**Reader/ Non-detailed Text**

| | | |
|---|---|---|
| **Section – D:** | **Creative Writing:** | **12 Marks** |

**CLASS – X (2024 – 2025)**

**SUBJECT – BENGALI (CODE NO. – 005)**

**সময়- ৩ঘণ্টা** **সর্বমোট অঙ্ক – ৮০**

**Time: 3 Hour** **Maximum Marks: 80**

## PART – A: Objective type Questions (MCQ): 25 Marks

## Section – A (Reading: Unseen Comprehension)

1. **নিচের অনুচ্ছেদ দু'টি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে আবার লেখো: [3x (1x4) =12]**

A. শান্তিনিকেতনের প্রথম যুগে রবীন্দ্রনাথের অধ্যাপক-নির্বাচন অনেকটা যেন শেক্সপিয়ারের প্লট-নির্বাচনের মতো। হাতের কাছে যেকোনও একটা গল্প পেলেই শেক্সপিয়ার চোখ বুজে তাকেই গ্রহণ করেছেন। প্রতিভাবানের হাতে ছাই ধরলেও যেমন সোনা হয়ে যায়। অত্যন্ত শীর্ণ বিবর্ণ কাহিনীও তেমনি রক্তমাংস-অস্থিমজ্জার সংযোগে পরিপুষ্ট হয়ে উঠেছে, রঙে-রসে পূর্ণতা পেয়েছে, নিষ্প্রাণ কাহিনী প্রাণের স্পন্দনে অপূর্ব বিস্ময়ে পরিণত হয়েছে। পণ্ডিত সমালোচকদের মতে মূল কাহিনীতে ঐশ্বর্যের আভাস মাত্র না থাকলেও একমাত্র শেক্সপিয়ারের কবিদৃষ্টিতেই সেইসব শীর্ণ কাহিনীর অনুচ্চারিত সম্ভাবনাটুকু ধরা পড়েছিল। রবীন্দ্রনাথ সম্পর্কেও একথা প্রযোজ্য। আপাতদৃষ্টিতে যে মানুষ সাধারণ তাঁরও প্রচ্ছন্ন সম্ভাবনা রবীন্দ্রনাথের সর্বদর্শী দৃষ্টিকে এড়াতে পারেনি। জমিদারি সেরেস্তার কর্মচারীকে অধ্যাপনার কাজে ডেকে এনে একজনকে দিয়ে লিখিয়েছেন ছেলেমেয়েদের উপযোগী বাংলা ভাষায় প্রথম বিজ্ঞান-গ্রন্থমালা, আরেকজনকে দিয়ে বাংলা ভাষার বৃহত্তম অভিধান। বিধুশেখর শাস্ত্রীর মতো ইংরেজি ভাষায় অনভিজ্ঞ একজন টোলের পণ্ডিত কালক্রমে ভারতীয় পণ্ডিতসমাজে সর্বাগ্রগণ্যদের অন্যতম বহুভাষাবিদ পণ্ডিতে পরিণত হলেন । ক্ষিতিমোহন সেনও সংস্কৃতজ্ঞ পণ্ডিত, তাঁরও জিজ্ঞাসা নতুন পথে প্রবাহিত হলো- মধ্যযুগীয় সাধুসন্তদের বাণী সংগ্রহ করে ভারতীয় জীবন সাধনার বিস্তৃতপ্রায় এক অধ্যায়কে পুনরুজ্জীবিত করলেন। হরিচরণ বন্দ্যোপাধ্যায়ও যখন রবীন্দ্রনাথের নির্দেশে বঙ্গীয় শব্দকোষ রচনা করেন তখন তিনি বয়সে নবীন, অভিজ্ঞতায় অপ্রবীণ, বিশ্ববিদ্যালয়ের ছাপটুকুও নেই, কোনো গ্রন্থ রচনা করে পান্ডিত্যের পরীক্ষায় উত্তীর্ণ হননি। এসবই সম্ভব হয়েছিল রবীন্দ্রনাথের অনুপ্রেরণায়। তিনি দাবি করেছেন, এঁরা প্রাণপণে সেই দাবি পূরণ করেছেন। দাবি পূরণ করতে গিয়ে এঁদের শক্তি দিনে দিনে বিকাশ লাভ করেছে।

I. শেক্সপিয়ারের কবিদৃষ্টিতে কী ধরা পড়তো?

A) নিষ্প্রাণ কাহিনীর মধ্যে প্রাণের স্পন্দন
B) সাধারণ মানুষের মধ্যেকার বিদ্যা
C) অতি সাধারণ কাহিনীর মধ্যেকার প্রচ্ছন্ন সম্ভাবনা
D) অত্যন্ত শীর্ণ বিবর্ণ কাহিনীর মধ্যে পূর্ণতা

II. জমিদারি সেরেস্তার এক কর্মচারী রবীন্দ্রনাথের অনুপ্রেরণায় কোন্ কাজে সাফল্য অর্জন করেন?

A) বাংলা ভাষার বৃহত্তম জীবনীগ্রন্থ রচনার কাজে
B) ছোটদের উপযোগী বাংলা ভাষায় প্রথম বিজ্ঞান-গ্রন্থমালা রচনার কাজে
C) বহুভাষাবিদ পণ্ডিত হিসাবে সারস্বত সমাজে প্রতিষ্ঠালাভে
D) ইংরাজি ভাষার বৃহত্তম অভিধান রচনার কাজে

III. মন্তব্য: এসবই সম্ভব হয়েছিল রবীন্দ্রনাথের অনুপ্রেরণায়।
কারণ (ক): তিনি অতি সাধারণ মানুষের মধ্যে প্রতিভার অসাধারণত্ব আবিষ্কার করেছিলেন।
কারণ (খ): রবীন্দ্রনাথ নিজে অত্যন্ত প্রতিভাবান ছিলেন।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) কারণ (ক) ভুল কারণ (খ) সঠিক
B) কারণ (খ) ভুল কারণ (ক) সঠিক
C) দুটি কারণই ভুল
D) দুটি কারণই সঠিক।

IV. 'নবীন' শব্দের সমার্থক শব্দ হলো ---

A) প্রবীণ
B) অপ্রবীণ
C) নূতন
D) প্রবীণতা

B. গ্রহের নাম 'টাফা'। নামটা প্রফেসর শঙ্কু শুনেছিল বিধুশেখরের মুখে। বিধুশেখর তারই তৈরি যন্ত্রমানব। শঙ্কু যদিও মঙ্গলগ্রহে যাওয়ার তোড়জোড় করছিল তখন, কিন্তু রোবোর নামটা চাঁদের নামেই রাখল। মহাকাশের কোনও অজানা অংশে এক আলোর বুদবুদ ফাটতে থাকায় এলাকা পার হয়ে আকাশময় ঘুরতে থাকা বড় বড় পাথরের চাঁই, আরও এগিয়ে নির্মল আকাশে নিষ্কলঙ্ক চাঁদের মতো সাদা গ্রহ। সেই গ্রহটিই টাফা। আরও কাছে গিয়ে দেখা গিয়েছিল, গ্রহটির সর্বাঙ্গে যেন অসংখ্য জোনাকির মতো আলো জ্বলছে আর নিভছে। মঙ্গল গ্রহে আচমকা বিপদের মধ্যে পড়ে জ্ঞান হারানোর পর কীভাবে যে শঙ্কু টাফা গ্রহের পথে ছুটে চলল তার নিজের রকেটের সওয়ার হয়ে, সে-কথা কেউ জানে না, এ হয়তো ওই টাফা গ্রহেরই ফের। তবে এর মধ্যে বিধুশেখরের যে কিছু অবদান ছিল, তার একটা আন্দাজ পান শঙ্কর ডায়েরির পাঠকরা। শঙ্কু ডায়েরিতে আশঙ্কা প্রকাশ করেছিল, তার আর পৃথিবীতে ফেরা হবে না। ডায়েরিটা পৃথিবীতে পাঠানো যাবে না- আফসোস করেছিল তা নিয়েও। লোকের তাই বিশ্বাস, 'ব্যোমযাত্রীর ডায়েরি'-ই বুঝি শঙ্কর শেষ অভিযান! তারপর আর যত অভিযানের ঘটনা জানা গিয়েছে, সেসব নাকি 'সন্দেশ' পত্রিকার সম্পাদকের শঙ্কর গিরিডির বাড়ি থেকে নিয়ে আসা একুশটা পুরনো ডায়েরি থেকে পাওয়া। কিন্তু সত্যিই কি তা-ই? সন্দেহটা ঘনীভূত হয় ডায়েরিখানা পৃথিবীতে এসে পৌঁছনোর ব্যাপারটা ভাবলে। উল্কাখণ্ড, অর্থাৎ পৃথিবীর বাইরের কোনও বস্তুর সঙ্গেই ডায়েরিটা এসেছিল বলে মনে হয়। তবে সেই ডায়েরিতে 'মঙ্গল'-এর উদ্দেশে রওনা দেওয়ার আগের ঘটনা লেখা থাকলে কী হবে, পৃথিবীর কাগজের খাতা তাকে বলা যায় না। কাটা-ছেঁড়া-পোড়ানো না-যাওয়া সেই খাতায় লেখা অক্ষরগুলির কালির রং বদলায় যখন-তখন। কে জানে! মহাকাশের বা কোনও গ্রহের কোনও অজানা বৈজ্ঞানিক বিক্রিয়ায় সাধারণ খাতারই হয়তো ওই দশা হয়েছিল। কিন্তু খাতাটি ফেরত পাঠাতে পারবে আর নিজে

ফেরার চেষ্টা করবে না, তা আবার হয় নাকি। তার উপর আবার দেখা যাচ্ছে, ঠিক লক্ষ্যভেদ করে এই বাংলাদেশেই খাতাখানা পাঠিয়ে দিয়েছে- যেন কোনও মহাজাগতিক ডাক-ব্যবস্থার মাধ্যমে।

I. প্রফেসর শঙ্কুর মঙ্গল গ্রহ থেকে টাফা গ্রহে সওয়ার হওয়ার কারণ সকলের অজানা , এর পেছনে হাত ছিল

A) টাফার
B) প্রফেসর শঙ্কর
C) বিধুশেখরের
D) মঙ্গল গ্রহের

II. মন্তব্য - ব্যোম যাত্রাই প্রফেসর শঙ্কুর শেষ অভিযান ।
কারণ - তারপর আর ডায়েরির খোঁজ পাওয়া যায় না।
মন্তব্য ও কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) মন্তব্য ও কারণ উভয়ই সত্য।
B) মন্তব্য ও কারণ কোনোটিই নিশ্চিত নয়।
C) মন্তব্য সত্য হলেও কারণ যথাযথ নয়।
D) মন্তব্য যথাযথ নয় কিন্তু কারণটি সঙ্গত।

III. 'পৃথিবীর কাগজের খাতা তাকে বলা যায় না ' – কারণ

A) তাতে লেখা যায় না
B) তা চশমা দিয়ে পড়তে হয়,
C) কাটা ছেড়া পোড়ানো যায় না।
D) লেখা কালির রং বদলানো যায় না।

IV. 'তার উপর আবার দেখা যাচ্ছে, ঠিক লক্ষ্যভেদ করে এই বাংলাদেশেই খাতাখানা পাঠিয়ে দিয়েছে ......... '-- সাধু ভাষায় পরিবর্তন করলে হবে –

A) 'তার উপর আবার দেখা যাইতেছে, ঠিক লক্ষ্যভেদ করিয়া এই বাংলাদেশেই খাতাখানা পাঠিয়ে দিয়াছে .........'
B) 'তাহার উপর আবার দেখা যাইতেছে, ঠিক লক্ষ্যভেদ করিয়া এই বাংলাদেশেই খাতাখানা পাঠাইয়া দিয়াছে .........'
C) 'তাহার উপর আবার দেখা যাচ্ছে, ঠিক লক্ষ্যভেদ করিয়া এই বাংলাদেশেই খাতাখানা পাঠাইয়া দিয়াছে .........'
D) 'তাহার উপর আবার দেখা যাইতেছে, ঠিক লক্ষ্যভেদ করে এই বাংলাদেশেই খাতাখানা পাঠাইয়া দিয়াছে .........'

C. ইতিহাসের ঘটনাবলি কোন্‌ দৃষ্টিভঙ্গিতে দেখতে হবে, তা নিয়ে কত চাপানউতোর। এক্সক্লুসিভ, ইনক্লুসিভ, কতরকম তার ব্যাখ্যা। বলতে চাইছি মোগল সাম্রাজ্যের কথা। বাবরের কন্যা, হুমায়ুনের বোন, গুলবদন নামের মেয়েটির কথা কি কারও মনে আছে? ৫২ বছর বয়সে তিনি একদল রমণীকে নেতৃত্ব দিয়ে ফতেহপুর সিক্রি থেকে তীর্থযাত্রায় গিয়েছিলেন মক্কা – ষোড়শ শতাব্দীতে। ভাবা যায় ? স্থলপথ, জলপথ, সব মিলিয়ে কয়েক মাসের ব্যাপার। ১২ বছর বাদে তাঁরই ভাইপো, সম্রাট আকবর, মোগল বংশের ইতিহাস রচনার দায়িত্ব দিয়েছিলেন তাঁদের এই পিসিকেই। 'আহবল হুমায়ুন বাদশাহ', গদ্যে রচিত এই পাণ্ডুলিপিটির হদিশ মেলে

মোগল যুগের বৃত্তান্তে, যা পরবর্তী কালে 'হুমায়ুন-নামা' নামে খ্যাত হবে, জানা যাচ্ছে সেই সময়ের ইতিহাস নিয়ে গবেষণা করা লেখিকা রুবি লাল-এর একটি বই থেকে। 'ভ্যাগাবন্ড প্রিন্সেস: দ্য গ্রেট অ্যাডভেঞ্চার্স অফ গুলবদন', বইটিতে সেই পাণ্ডুলিপি নিয়ে মনোযোগী চর্চার চিহ্ন রয়েছে। দেশে-দেশান্তরে ভ্রমণ করলে যা যা রোমাঞ্চকর ব্যাপার এখনও ঘটে, তখনও ঘটত ঠিক তা-ই। বাড়তি পাওনা, একজন রমণীর দৃষ্টিতে পারিবারিক সম্পর্কের নানা টানাপোড়েন। অন্তরঙ্গ নানা অভিঘাত। অথচ, শিশুপাঠ্য ইতিহাসের ফুটনোটস্ এ গুলবদনকে পাওয়া যায় না। রমণীদের, বিশেষত যাঁরা তেজস্বিনী, স্বাধীনচেতা তাঁদের উল্লেখ প্রায় কোথাওই নেই। লেখিকার মতে, গুলবদনের পাণ্ডুলিপি বিশ্লেষণাত্মক দৃষ্টিতে পড়লে 'বাবরনামা', 'আকবরনামা', কিংবা 'হুমায়ুন-নামা'-কেও ভিন্নভাবে দেখার পথ খুলে যায়। রোজনামচার ভঙ্গিতে লিখে চলা, পথ চলার বৃত্তান্তের নারীবাদী দৃষ্টিকোণ, কিছু নিখুঁত সূক্ষ্ম বর্ণনা, লেখিকাকে টেনেছে। স্বামীর কথা গুলবদন কেন এত কম লিখেছেন? লেখিকা শ্রীমতী লাল বলেন, এটাই সেই সময়ের পারিবারিক প্রথা। সচেতন উপেক্ষার কারণ নেই কোনও! যুদ্ধক্ষেত্র থেকে ফিরে যখন স্বামীর সঙ্গে তাঁর দেখা হচ্ছে, তখন মুক্তা এবং পাখির পালক দিয়ে গাঁথা একরকম ওড়নার বর্ণনা পাওয়া যায়, যেটা সেই সময়ে রাজপরিবারের বধূরা পরতেন। গদ্যরচনার কোনও 'আদর্শ' মডেল তো ছিল না গুলবদনের সামনে, এ যেন কিছুটা কোনও মহিলাদের আড্ডায় মুক্তপ্রাণ কথাবার্তার মতো। ঘরের কথা থেকে আসে পারিপার্শ্বিক, আসে সেই সময়ের সমাজচিত্র।

I. 'ভ্যাগাবন্ড প্রিন্সেস দ্য গ্রেট অ্যাডভেঞ্চারস অফ গুলবদন' বইটির মূল আকর্ষণ ছিল-

A) পারিবারিক বিভিন্ন সম্পর্কের ওঠাপাড়া ও অভিঘাত
B) পারিবারিক ও রাজনৈতিক তথ্যসূত্র
C) কেবলই অর্থনৈতিক লেনদেনের হিসাব
D) কূট চক্রান্তের বিশ্লেষণ

II. মন্তব্য: নিজের স্বামীর কথা গুলবাদন এই বইতে কম লিখেছেন।
কারণ (ক) : সচেতন উপেক্ষার কোনও কারণ ছিল না ,এটিই ছিল পারিবারিক প্রথা ।
কারণ (খ) : পরিবারের অন্যান্য সদস্যরা তাকে তার স্বামীর কথা লিখতে বারণ করেছিল।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল
B) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল
C) কারণ (খ) সঠিক কিন্তু কারণ (ক) ভুল
D) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক

III. বইটি লেখার ভঙ্গিমা বা স্টাইল কি রকম?

A) অত্যন্ত বিশ্লেষণ ধর্মী ও একঘেয়ে
B) সহজ আড্ডার চালে লেখা সমাজ ও পরিপার্শ্বের কথা
C) C.সূক্ষ্ম ও জটিল রাজনৈতিক বিশ্লেষণ
D) ইতিহাসের ধারাপাতের মত
E)

IV. 'গবেষণা' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে –

A. গ + বেষণা
B. গৌ + ষণা
C. গো + এষণা
D. গব্ + এষণা

## Section B

## Grammar: Objective type Questions (MCQ)

**2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর বেছে লেখো: (যেকোনও তিনটি): [1X3=3]**

I. সব লুটি লব তার – বাক্যটি সাধু ভাষায় রূপান্তর করলে এর রূপ হবে –

A) সব লুটিয়া লব তার
B) সব লুটি লব তাহার
C) সব লুটিয়া লইব তাহার
D) সব লুটি লইব তাহার

II. যেখানে উহার কিছু বলিবার দরকার নাই , সেখানেও কথা বলিয়া ফেলে । — চলিত ভাষারীতিতে বাক্যটির রূপ কেমন হবে?

A) যেখানে ওর কিছু বলিবার দরকার নাই , সেখানেও কথা বলে ফেলে
B) যেখানে উহার কিছু বলবার দরকার নাই , সেখানেও কথা বলে ফেলে
C) যেখানে ওর কিছু বলবার দরকার নাই , সেখানেও কথা বলে ফেলে ।
D) যেখানে ওর কিছু বলবার দরকার নেই , সেখানেও কথা বলে ফেলে।

III. মন্তব্য: 'ভোলানাথ যে কোন্ সময়ে কলেজবাড়িতে ঢুকিল তাহা বুঝিতে পারি নাই'।-– বাক্যটি একটি সাধুভাষারীতির দৃষ্টান্ত।

কারণ (ক): বাক্যটিতে ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়েছে।
কারণ (খ): বাক্যটিতে ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ ব্যবহৃত হয়েছে।

প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল
B) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল
C) কারণ (খ) সঠিক কিন্তু কারণ (ক) ভুল
D) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক

IV. 'এ অধম হইতে আপনার কোনও অনিষ্ট কোনওদিন হইবে না' – বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তর করলে এর অনুসর্গের রূপটি হবে —

A) চেয়ে
B) হতে
C) থাকিয়া
D) কাছে

V. যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করি তাহা হইলে বুঝি কালিদাস হইতে পারিব? – বাক্যটির সঠিক চলিত ভাষারূপ কোন্‌টি?

A) যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করি তা হইলে বুঝি কালিদাস হতে পারিব?
B) যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করি তাহলে বুঝি কালিদাস হতে পারব?
C) যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করি তাহলে বুঝি কালিদাস হতে পারিব?
D) যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করিতে থাকি তাহলে বুঝি কালিদাস হতে পারিব?

## SECTION - C

## (Main Course Book & Supplementary Reader / Non-detailed Text): MCQ

3. **পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর নির্বাচন করে আবার লেখো:**

**(যেকোনও ছ'টি): [1X6=6]**

I. ...তক্ষুণি ওরা ঝটপট জামা অদল-বদল করে ফেলল' – কখন ওরা 'ঝটপট জামা অদল-বদল করে' ফেলেছিল?

A) যখন গ্রাম প্রধান চলে এসেছিল
B) যখন কারুর উপস্থিতি টের পেয়েছিল এবং কাশির আওয়াজ শুনেছিল
C) যখন অন্য ছেলেরা সেখানে চলে এসেছিল
D) যখন কারুর উপস্থিতি টের পেয়েছিল এবং কথা শুনেছিল

II. মন্তব্য: "...মোটা মত কিছু আদায় করে নেব"
কারণ (ক): সমস্ত দিন বহুরূপীর সাজে ঘুরে বেরিয়েও বিশ - পঁচিশ টাকার বেশি হয় না।
কারণ (খ): প্রচুর অর্থ উপার্জনই বক্তার জীবনের একমাত্র লক্ষ্য ।
প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল
B) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল
C) কারণ (খ) সঠিক কিন্তু কারণ (ক) ভুল
D) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক

III. 'তপন যেন কোথায় হারিয়ে যায়..." – কখন?

A) ছোটমাসি আর মেসো যখন সন্ধ্যাতার পত্রিকা নিয়ে তাদের বাড়ি আসেন।
B) তপন যখন নিজেই একটা আস্ত গল্প লিখে ফেলে
C) বাড়ির সকলেই যখন তপনের গল্প পত্রিকায় প্রকাশিত হওয়ার জন্য নতুন মেসোর কৃতিত্ব আর মহত্ত্বকেই প্রাধান্য দিতে থাকে।
D) সন্ধ্যাতারা পত্রিকায় লেখক হিসেবে ছাপার অক্ষরে তপন যখন নিজের নাম দেখতে পায়।

IV. "মন-প্রাণের সব আকাঙ্ক্ষা নিয়ে শুধু সেই একজনের আপন হতে চেষ্টা করুন, যাঁকে পেলে এই সৃষ্টির সব ঐশ্বর্য পাওয়া হয়ে যায়" – কথাটি বিরাগী বলে, যখন —-

A) জগদীশবাবু বিরাগীকে তীর্থভ্রমণের জন্য টাকা দিতে চান।
B) জগদীশবাবু বিরাগীকে তার বাড়িতে থাকার জন্য অনুরোধ করেন।
C) জগদীশবাবু বিরাগীর পায়ের ধুলো নিতে চান।
D) জগদীশবাবু বিরাগীর কাছে কিছু উপদেশ শুনতে চান।

V. "তপন অবশ্য 'না আ- আ-' বলে প্রবল আপত্তি তোলে – কিন্তু এর পিছনে হালকা সম্মতিও কাজ করে কারণ –

A) সে নিজের লেখা গল্প নিয়ে খুব হতাশ।
B) তার সাহিত্যিক হিসাবে অহংকার আছে।
C) C.মনে মনে সে চেয়েছিল আসল জায়গায় তার গল্পটি কদর পাবে।
D) নিজের লেখা নিয়ে সে উদাসীন ছিল।

VI. " কি কারণে আলোবাবু দশটার সময় ঘড়িতে দম দিতে ভুলে গিয়েছিলেন?

A) আলোবাবু স্বভাবতই একটু আপনভোলা ছিলেন ।
B) রামবাবুর গাই - এর বাচ্চা হওয়ায় তাতে ব্যস্ত হয়ে পড়েন।
C) সেইদিনই তাঁকে অবিনাশবাবুর বাড়ি থেকে বহিষ্কৃত করা হয়।
D) তাঁর ঘড়িটির প্রতি খুব বেশী মনোযোগ ছিল না।

VII. মন্তব্য: 'গ্রামপ্রধান ঘোষণা করলেন আজ থেকে আমরা অমৃতকে অদল আর ইসাবকে বদল বলে ডাকব।'
কারণ (ক): দুই বন্ধুর জামা অদল বদলের গল্প গ্রামপ্রধানের কানে গিয়েছিল।
কারণ (খ): অমৃত আর ইসাবের মধ্যেকার বন্ধুপ্রীতি তাকেও চমৎকৃত করেছিল।
প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল
B) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল
C) কারণ (খ) সঠিক কিন্তু কারণ (ক) ভুল
D) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক

VIII. আলোবাবু গল্পকথকের ল্যাবরেটরিতে শুষ্ক মুখে বসেছিলেন। কারণ—

A) আহত একটি পাখির ছানার চিকিৎসা করানোর জন্য।
B) তার সাধের ঘড়িটি চুরি হয়ে গিয়েছিল।
C) অবিনাশ বাবুর বাড়ি থেকে তাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল।
D) তার হাসপাতালের চাকরিটি চলে গিয়েছিল।

**4. 'গল্পগুচ্ছ ' থেকে প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তরটি বেছে লেখ - [1x 4 =4]**

I. "…..তাহা হইলে এই আধমরা ভদ্র সন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারেন।" - 'তাহা হইলে' বলতে কি ইঙ্গিত করা হয়েছে?

A. নতুন চাকরির সন্ধান পেলে
B. ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে বাকবিতণ্ডা মিটে গেলে
C. যথাযথ কাজের লোক পেলে
D. সে জায়গায় পাকা রাস্তা বা অট্টালিকা নির্মিত হলে

II. 'বিশেষত কলিকাতার ছেলে ভালো করিয়া মিশিতে জানেনা '   অপরিচিত স্থানে গেলে তার অভিব্যক্তি ও আচরণ কিরূপ হয়  ?

A) শঙ্কিত - উদার
B) সন্দিগ্ধ - অতি চালাক
C) উদ্ধত - অপ্রতিভ
D) লজ্জিত -  ত্রস্ত

III. মন্তব্য : 'আমার কোণাটুকু ছাড়িয়া একবার বাহির হইতে গেলে মাথায় বজ্রাঘাত হয়।'
কারণ (ক) : বাইরে কোথাও যাবার ব্যাপারে তার অমূলক ভীতি
কারণ (খ) :  তিনি অত্যন্ত একগুঁয়ে প্রকৃতির মানুষ ছিলেন।
মন্তব্যের সপক্ষে প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য?

A) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ)  গ্রহণযোগ্য নয়।
B) কারণ (খ) সঠিক হলেও কারণ (ক)  গ্রহণযোগ্য নয়।
C) কারণ (ক) ও (খ)  কোনওটিই গ্রহণযোগ্য নয়।
D) কারণ (ক) ও (খ)  উভয়ই গ্রহণযোগ্য।

IV. আর অধিক কথা হইল না; রাধামুকুুন্দ দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া চলিয়া গেলেন। কারণ -

A) শশিভূষণ রাধামুকুন্দের কথায় ক্রোধান্বিত হলেন।
B) রাধামুকুন্দ  সমস্যার  যে সমাধান নির্ণয় করেছিলেন তাতে শশিভূষণ রাজি হলেন না ।
C) শশিভূষণ মৃত্যুবরণ করলেন ।
D) শশিভূষণ বিশেষ কাজে বাইরে বেরিয়ে গেলেন।

V. 'তাহার মনের মধ্যে একটা অন্ধ বিশ্বাসের মতো ছিল'..... 'অন্ধবিশ্বাস'টি কী ?

A) পৃথিবীর সর্বত্রই চোর,ডাকাত,মাতাল, সাপ, বাঘ, ম্যালেরিয়া, শুঁয়োপোকা, গোরা ইত্যাদিতে পরিপূর্ণ।
B) কাবুলিওয়ালার ঝোলার মধ্যে তার মতো দু'চারটে জীবিত মানবসন্তান পাওয়া যেতে পারে।
C) কাবুলিওয়ালা তাকে চুরি করে আফগানিস্তানে নিয়ে যেতে পারে।
D) কাবুলিওয়ালার নিশ্চয়ই কোনও দূরভিসন্ধি আছে ।

VI " ব্রাহ্মণেরা _____ এবং দুঃখী - কাঙালগণ ______ পাইয়া আশীর্বাদ  করিয়া  চলিয়া গেল ।" - শূন্যস্থানের উপযুক্ত পদযুগল হলো যথাক্রমে  -

A) তিরস্কার , অভ্যর্থনা
B) সুপরামর্শ , টাকা
C) দক্ষিণা , পয়সা - কাপড়
D) পূজার উপাচার , আহার

## PART B: (Descriptive type questions): 55 Marks

## SECTION – B [GRAMMAR]

**5. A. সন্ধিবদ্ধ করো: (যে কোনও দুটি):** **[1X2=2]**

সৎ + চরিত্র , চার + টি , চতুঃ + আনন, বাক্ + নিষ্পত্তি

**B. সন্ধি বিচ্ছেদ করো: (যে কোনও দুটি):** **[1X2=2]**

ষড়ঙ্গ, কোত্থেকে , উল্লম্ব, আয়ুষ্কাল

**6. ব্যাসবাক্যসহ নিম্নরেখ পদগুলির সমাস নির্ণয় করো: (যে কোনও তিনটি):** **[1X3=3]**

A) তুমি মহারাজ সাধু হলে আজ আমি আজ চোর বটে।
B) দুর্ভিক্ষের কারণে বহু মানুষ দেশছাড়া।
C) তোমরা যাই বলো না কেন, আমি কিছুতেই মেলায় যাব না।
D) উপাচার্যের ভাষণ শুনে সকলেই স্বস্তির নিঃশ্বাস ফেলল ।
E) জলদগম্ভীর স্বরে নেতাজী বলে উঠলেন ।

**7. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো: (যে কোনও তিনটি) :** **[1X3=3]**

A) বৃষ্টি নামতেই দৌড় লাগালাম । ( জটিল বাক্যে)
B) তাদের অর্থ আছে কিন্তু সামর্থ্য নেই । ( সরল বাক্যে)
C) তুমি যে কষ্ট ভোগ করিয়াছ তাহা তোমারই কৃতকর্মের ফল। (যৌগিকবাক্যে)
D) টিফিনের সময় দুজনে একসঙ্গে জলযোগ করতো। ( জটিল বাক্যে )
E) গৌরবী আর হারা যখন অন্ধকার হলো তখন গ্রাম ছেড়ে শহরে পালিয়ে গেলো । ( সরল বাক্যে)

## SECTION - C

## (Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)

8. "....সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি" – কোন্ ঘটনার প্রতি লেখকের ইঙ্গিত? [2]

9. a) 'আমি একটু অবাক হয়ে গেলাম।'-- বক্তার বিস্ময়ের কারণ কি? [3]
b) ইসাবের মতো নতুন জামা কিনে দেবার জন্য অমৃত কীভাবে তার বাবা-মাকে রাজি করিয়েছিল? [3]

10. a) 'সন্ধ্যাতারা' পত্রিকা নিয়ে যে মুহূর্তে তপনের ছোটমেসো তাদের বাড়িতে আসেন সেই মুহূর্তে তপনের মানসিক অবস্থার বর্ণনা দাও।
b). এর পরবর্তী ঘটনাক্রম গল্পের নামকরণকে কীভাবে সমর্থন করেছে? [2+3=5]

**OR**

".....টাকা-ফাকা কী করে স্পর্শ করি বল?"
a) কোন্ প্রসঙ্গে কার এই মন্তব্য?
b) উল্লিখিত মন্তব্যের সূত্রে বক্তার কোন্ জীবনদর্শনের পরিচয় পাওয়া যায়? [2+3=5]

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো: [5]

" অস্ত্র রাখো , অস্ত্র ফ্যালো পায়ে
বর্ম খুলে দ্যাখো আদুড় গায়ে
........... অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে ....."

**OR**

" আমাদের কথা কে- বা জানে
আমরা ফিরেছি দোরে দোরে।"

12. "শক্ত- সবুজ গাঁ ভেসেছে তিন পাহাড়ের কোলে"

a) 'শক্ত- সবুজ গাঁ 'বলতে কি বোঝানো হয়েছে?
b) কবিতার অনুষঙ্গে তা কিভাবে সংযুক্ত হয়েছে? [2 +3 =5]

**OR**

a) 'একাকারে' কবিতায় হিন্দু - মুসলমান দুই জাতের মধ্যে আপাতঃ কোন কোন বিভিন্নতার উল্লেখ করা হয়েছে?
b) এই বাহ্যিক ভিন্নতা কিভাবে 'একাকারে মিলিয়ে যাচ্ছে '? [2 +3 =5]

13. 'নদীপ্রবাহে ভাসমান পথিকের উদাস হৃদয়ে এই তত্ত্বের উদয় হইল'-

a) উদ্দিষ্ট ব্যক্তির মনে কখন কোন্ তত্ত্বের উদয় হয়েছিল?
b) এই সূত্রে তার মানসিকতার কেমন পরিচয় পাওয়া যায়? [2 +3 =5]

14.'দেখিয়া আমার চোখ ছল্ ছল্ করিয়া আসিল"' –

a) কী দেখে বক্তার এই প্রতিক্রিয়া?
b) এই সময় তিনি কোন্ উপলব্ধিতে উপনীত হয়েছিলেন? [2 +3 =5]

**OR**

'এক্ষণে রাসমণির অবস্থা পূর্বের ঠিক বিপরীত'--

a) 'এক্ষণে' বলতে কোন্ সময়ের কথা বলা হয়েছে?
b) রাসমণির 'বিপরীত' অবস্থাটি কেমন ছিল পাঠ্য গল্প অনুসরণে লেখো। [2 +3 =5]

## <u>SECTION - D</u>

## CREATIVE WRITING

15. নিম্নলিখিত যে কোনও <u>একটি</u> বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো: [6]

(I) ধ্রুপদী ভাষা হিসেবে বাংলা ভাষার স্বীকৃতি - তোমার অনুভব
(II) ক্রমবর্ধমান বায়ুদূষণ
(III) তোমার চোখে তোমার শহর

16. ছাত্রসমাজকে রাজনীতির সঙ্গে যুক্ত করতে হবে কিন্তু তার নামে যে অসাধুতা ও অবিচার রাজ্য তথা সমগ্র দেশে চলছে তাতে ক্ষতি হচ্ছে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ - এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত জানিয়ে খবরের কাগজের সম্পাদককে একটি পত্র লেখো। [6]

**OR**

ঝড় বৃষ্টিতে বিদ্যুতের তার ছিঁড়ে পড়ে প্রাণহানির সংখ্যা ক্রমেই বাড়ছে - একজন সচেতন নাগরিক হিসাবে এ বিষয়ে তোমার উদ্বেগ প্রকাশ করে প্রশাসনের দৃষ্টি আকর্ষণের জন্য সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।

---------------------------------------------------------------------------------